

তারিখ: 21/08/2015

**রুপি চিহ্ন (₹) এবং নম্বর প্যানেলে ক্রমোচ্চ আকারে সংখ্যার সঙ্গে “এল” ইনসেট লেটার সমেত
₹ 1000 -এর ব্যাঙ্কনোট জারি**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই মহাত্মা গান্ধী সিরিজ-2005এ ₹ 1000 মূল্যমানের ব্যাঙ্কনোট জারি করবে উভয় নম্বর প্যানেলে ইনসেট লেটার “এল” সমেত, মুখভাগে এবং পৃষ্ঠভাগে “₹” চিহ্ন এবং ডক্টর রঘুরাম জি রাজন, গভর্নর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর স্বাক্ষর সহ এবং ব্যাঙ্কনোটের পৃষ্ঠভাগে মুদ্রণ বর্ষ ‘2015’ মুদ্রিত থাকবে।

বর্তমানে জারি হতে চলেছে যে নোট তার নকশা সমস্ত ক্ষেত্রেই পূর্বে জারি হওয়া মহাত্মা গান্ধী সিরিজ 2005-এর ₹ 1000 ব্যাঙ্কনোটের সদৃশ হবে, শর্ত এটাই যে, উভয় নম্বর প্যানেলে সংখ্যাগুলি বাম দিক থেকে ডান দিকে ক্রমোচ্চ আকারে হবে যেখানে প্রথম তিনটি আলফানিউমেরিক ক্যারেকটার (প্রেফিক্স) আকারে একই রকম থাকবে।

নম্বর প্যানেলে ক্রমোচ্চ আকারে সংখ্যা সমেত এইরকম ব্যাঙ্কনোট ₹100 এবং ₹500 মূল্যমানের ক্ষেত্রে ইতিমধ্যেই প্রচলনে আছে।

ব্যাঙ্ক কর্তৃক অতীতে জারি হওয়া ₹ 1000 মূল্যমানের সমস্ত ব্যাঙ্কনোট বৈধমুদ্রা হিসেবে চালু থাকবে।

সঙ্গীতা দাস
নির্দেশক

প্রেস বিজ্ঞপ্তি: 2015-2016/466